ইনকিলাব



ঢাবিতে ফার্মেসী অনুষদের ডিনস অ্যাওয়ার্ড প্রদান, বৃত্তি পেলেন ২৪ শিক্ষার্থী

প্রেস বিজ্ঞপ্তি : ২০২২ ও ২০২৩ শিক্ষাবর্ষের ব্যাচেলর অব প্রফেশনাল ফার্মেসী পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ৬ জন শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয় ফার্মেসী অনুষদের ডিন'স অ্যাওয়ার্ড লাভ করেছে। এছাড়া, ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালে গবেষণায় বিশেষ অবদান রাখায় অনুষদের ৭ জন শিক্ষককে ডিন সম্মাননা প্রদান করা হয়। গতকাল নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষার্থী ও শিক্ষকদের হাতে এ অ্যাওয়ার্ড তুলে দেয়া হয়।

এছাড়া দুইজনকে বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি (বিপিএস) স্বর্ণপদক ও দুইজনকে কথাশিল্পী সরদার জয়েনউদ্দিন স্বর্ণপদক দেয়া হয়। ২০২২ ও ২০২৩ সালের বি. ফার্ম. ১ম বর্ষ, ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষ পেশাগত পরীক্ষায় সর্বোচ্চ জিপিএ/নম্বর প্রাপ্ত ৮ জন শিক্ষার্থীকে বদরুন্নেসা গফুর মেমোরিয়াল ট্রাস্ট বৃত্তি এবং ১৬ জন শিক্ষার্থীকে বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি (বিপিএস) বৃত্তি প্রদান করা হয়।

ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. সেলিম রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি উপস্থিত ছিলেন। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস লিমিটেডের চেয়ারম্যান মো. নাসের শাহরিয়ার জাহেদী ডিনস অ্যাওয়ার্ড স্পিকার হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন অধ্যাপক ড. আসলাম হোসেন।

অনুষদের ডিন অধ্যাপক ড. মো. সেলিম রেজা ডিনস অ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থী ও শিক্ষকদের নাম ঘোষণা করেন। স্বর্ণপদক প্রাপ্ত ও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নাম ঘোষণা করেন অধ্যাপক ড. আসলাম হোসেন। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, প্রাধ্যক্ষ, প্রক্টর, অনুষদের শিক্ষকবৃন্দ ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

আমাদের বার্তা

ঢাবির কবি জসীম উদ্দীন হলে মেধাবৃত্তি অনুষ্ঠান

■ আমাদের বার্তা, ঢাবি



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) পল্লী কবি জসীম উদ্দীন হলের এক ছাত্রকে ট্রাস্ট ফান্ড স্বর্ণপদক এবং নয় ছাত্রকে মেধাবৃত্তি দেয়া হয়েছে। গত মঙ্গলবার সন্ধ্যায় হল মিলনায়তনে এ অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ শাহীন খান। অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ডাকসুর ভিপি মো. আবু সাদিক (সাদিক কায়েম), জিএস এস এম ফরহাদ এবং কবি জসীম উদ্দীন হল সংসদের ভিপি মুহাম্মদ ওসমান গণী বিশেষ অতিথির বক্তব্য দেন। অনুষ্ঠানে স্মারক বক্তব্য দেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. এম আনোয়ার হোসেন। সহকারী আবাসিক শিক্ষক মোহাম্মদ রাশেদ আলম ভূঁইয়া অনুষ্ঠান সঞ্চালন করেন। একাউন্টিং বিভাগের শিক্ষার্থী ইসমাইল হোসেন কবি জসীম উদদীন হল ট্রাস্ট ফান্ড স্বর্ণপদক অর্জন করেছেন।

The Daily Observer



Social Service Secretary Abdullah Al Maruf receives an honorary crest from Dhaka University Vice-Chancellor Professor Dr Niaz Ahmed Khan for being elected as a member of the DUCSU Hall Union (Kabi Jasim Uddin Hall) at a prize-giving ceremony on Tuesday. Maruf is also an Online Sub-Editor at The Daily Observer. PHOTO: OBSERVER

The Country Today



Delegates' confce held with elected representatives of DUCSU, Hall Sangsad

DU Correspondent

The Dhaka University Central Students' Union (DUCSU) organized the Representative Conference 2025 with the elected representatives of DUCSU and Hall Parliament at the university's Nawab Nawab Ali Chowdhury Senate Building on Wednesday at 6 pm. At the beginning of the conference, DUCSU executive member Tajinur Rahman recited the Holy Quran. Then, Jagannath Hall Sangsad's Cultural Secretary Ratul De Deepta recited the Gita and DUCSU executive member Sarbamitra Chakma recited the Tripitaka. Then, the national anthem was played. After the national anthem, a prayer was offered in memory of all the martyrs and injured, from the Language Movement

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৫ অগ্রহায়ণ ১৪৩২

DU in Media

20 November 2025

দৈনিক বাংলা



ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিশু একাডেমির মূল ফটকের পাশের সীমানা প্রাচীর ও ফুটপাতজুড়ে সৌখিন জিনিসের পসরা নিয়ে বসে একঝাঁক দোকানি। সেখানে গেলে মাটি, কাঠ, তামা, কাঁসা, পিতল, পাট, কাপড় থেকে শুরু করে কাগজের তৈরি নানা সামগ্রী পাওয়া যায়। গতকাল তোলা। ছবি: ফোকাস বাংলা